



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২১-২২/ ৩৩৬৮

তারিখঃ ১৯/০৫/২০২২ খ্রি.

১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

২। শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয় : শাখাসমূহে ঋণ ও সঞ্চয়ের অর্থ আদায় সংক্রান্ত নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ে সঞ্চয় ও ঋণের কিস্তি আদায়ে মাঠ সহকারীরা নিয়োজিত আছেন। পল্লী সঞ্চয় ব্যাংকের সমিতির সদস্যগণ বিভিন্ন আয়-বর্ধক কাজে ঋণের টাকা নিজস্ব প্রকল্পে বিনিয়োগ করেন এবং উক্ত প্রকল্পের অধিকাংশ কার্যক্রম সংশ্লিষ্ট উপজেলা কেন্দ্রিক হয়ে থাকে। উক্ত কারণে অনেক সময় সঞ্চয় এবং ঋণের কিস্তির টাকা জমা করার জন্য সদস্যগণ উপজেলার শাখা কার্যালয়ে আসেন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে উক্ত টাকা শাখায় জমা নেয়া হচ্ছেনা বলে মাঠ পর্যায়ে থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে যা অত্যন্ত দুঃখজনক এবং ব্যাংকিং নিয়ম শৃঙ্খলার পরিপন্থী।


০২। যেসকল সদস্য সঞ্চেয় এবং ঋণের কিস্তির টাকা শাখায় এসে জমা দিতে ইচ্ছুক তাদের জমাকৃত টাকা শাখার হিসাব বিভাগের দায়িত্বে নিয়োজিত কম্পিউটার অপারেটর/ক্যাশ সহকারী নিয়ম মোতাবেক গ্রহণপূর্বক সদস্যের পাশ বইয়ে এন্ট্রি প্রদান ও সদস্যকে জমা রশিদে স্বাক্ষর প্রদান করে সিবিএস এ পোষ্টিং প্রদান করবেন। যে সকল সদস্য শাখা কার্যালয়ে আসার পরিবর্তে মাঠ সহকারীর নিকট সঞ্চয় এবং ঋণের কিস্তির টাকা জমা দিতে ইচ্ছুক তারা পূর্বের নিয়মে জমা করতে পারবেন। এক্ষেত্রেও মাঠ সহকারীকে জমাকৃত টাকা স্পষ্টভাবে পাশ বইয়ে এন্ট্রিকরণ, সদস্য এবং শাখার হিসাব বিভাগে জমা রশিদে স্বাক্ষর করে প্রদান নিশ্চিত করতে হবে।

০৩। এমতাবস্থায় শাখাসমূহের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো-

- সদস্যদের শাখা কার্যালয়ে এসে মাসিক সঞ্চয় ও ঋণের কিস্তি জমাকরণে উৎসাহ প্রদান করতে হবে;
- নিয়মিত উঠান বৈঠক এর আয়োজন পূর্বক ব্যাংকের বর্তমান সেবা সম্পর্কে সদস্যদের অবহিত করতে হবে;
- নিয়মিত মাসিক সঞ্চয় এবং ঋণের কিস্তির টাকা আদায়ে সর্বোচ্চ উৎসাহ প্রদান করতে হবে;
- এককালীন পরিশোধ নিরুৎসাহিত করে কিস্তিতে পরিশোধ করার জন্য উৎসাহ প্রদান করতে হবে;
- সদস্যদের প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে;
- খেলাপি সদস্যগণের সাথে নিয়মিত যোগাযোগ নিশ্চিত করতে হবে;
- সদস্যদের নিয়মিত সঞ্চয় প্রদানে উৎসাহ প্রদান করতে হবে ও
- ঋণ প্রদানের নিমিত্ত সদস্যদের নিকট ব্যক্তিগতভাবে কোন আর্থিক সুবিধা গ্রহণ করা যাবেনা।

০৪। উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশক্রমে আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। নির্দেশনাগুলো বাস্তবায়নে কোনরূপ ব্যত্যয় অথবা সদস্যদের নিকট থেকে অভিযোগ পাওয়া গেলে জড়িত সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। ব্যাংকের স্বার্থে উপরোক্ত নির্দেশনাগুলো অবিলম্বে কার্যকর হবে।


(দীপংকর রায়)
মহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. অফিস নথি।